বিসিএস প্রশাসন
# একাডেমি বার্তা

www.bcsadminacademy.gov.bd | এপ্রিল-জুন সংখ্যা ২০২২

## ‘বাংলাদেশের জনগণ যেন কখনো সেবা থেকে বঞ্চিত না হয়’

–মাননীয় প্রধানমন্ত্রী





বিসিএস প্রশাসন একাডেমি কর্তৃক পরিচালিত ১২১তম, ১২২তম এবং ১২৩তম আইন ও প্রশাসন কোর্সের সনদ বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

বিসিএস প্রশাসন একাডেমিতে ৩ এপ্রিল ২০২২ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১২১তম, ১২২তম এবং ১২৩তম আইন ও প্রশাসন কোর্সের সনদ বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি সংযুক্ত হয়ে প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের মাঝে সনদ বিতরণ করেন। প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর ভাষণে বলেন, ‘আজকে আপনারা বাংলাদেশের মাঠ প্রশাসনে কাজ করার সুযোগ পেয়েছেন, জনগণের পাশে দাঁড়াচ্ছেন এবং তাদের ভালোমন্দ জানার সুযোগ পাচ্ছেন এবং তাদের জন্য কাজ করারও সুযোগ পাচ্ছেন। মাঠ পর্যায়ে কাজের মধ্য দিয়ে আপনারা যে জ্ঞান লাভ করবেন সেটাই আগামীদিনে আরো যখন উচ্চ পর্যায়ে যাবেন, আরো বাস্তবভাবে কাজ করার সুযোগ পাবেন। বিশেষ করে বাংলাদেশকে আমরা ২০৪১ সালের মধ্যে উন্নত দেশ হিসেবে প্রতিষ্ঠা করবার যে পরিকল্পনা নিয়েছি, সেই পরিকল্পনা বাস্তবায়নের মূল কারিগর আপনারাই হবেন। কাজেই এখন থেকে আপনাদেরকে সেভাবেই কাজ করতে হবে।

আমরা এটুকু বলবো যে, আপনারা অল্পসংখ্যক ভাগ্যবান ব্যক্তি আজকে দেশ সেবার সুযোগ পাচ্ছেন, কাজ করার সুযোগ পাচ্ছেন এবং আপনারা বিভিন্নভাবে মানুষের সেবা করার সুযোগ পেয়েছেন। কাজেই আপনাদেরও চিন্তা-চেতনা সেই জনকল্যাণমূলকই হতে হবে। আমরা জাতীয় ও জেলা পর্যায়ে জনপ্রশাসন পদক প্রবর্তন করেছি। ‘বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক’ প্রদানেরও ব্যবস্থা নিয়েছি এবং দেশে-বিদেশে প্রশিক্ষণ। সেই যুদ্ধবিধ্বস্ত দেশেই জাতির পিতা শুরু করেছিলেন দেশে-বিদেশে প্রশিক্ষণ দেওয়ার। সেটাও বন্ধ করে দিয়েছিল মিলিটারি ডিক্টেটর এসে। এখন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বিভিন্ন বিশ্ববিদ্যালয়, বিভিন্ন প্রতিষ্ঠান ও ইনস্টিটিউট থেকে প্রশিক্ষণ নিতে সুযোগ পাচ্ছে। সে ব্যবস্থাও আমরা করে দিয়েছি।

আমাদের লক্ষ্য থাকবে যে এদেশের মানুষ উন্নত জীবন পাবে, সুন্দর জীবন পাবে। ইতোমধ্যে আমাদের দেশে ভূমিহীন, গৃহহীনের সংখ্যা কমে এসেছে। সেটা ইনশাআলাহ্ আরো কমে যাবে। আমরা যে মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন করছি, মানুষের ঘরে শতভাগ বিদ্যুৎ দিয়েছি, উন্নয়নশীল দেশ হিসেবে প্রতিষ্ঠা করেছি।

মুজিববর্ষ অর্থাৎ জাতির পিতার জন্মশতবার্ষিকী এবং সুবর্ণজয়ন্তীতে এইটুকু আমরা অর্জন করতে পেরেছি এবং সামনের দিকে আমাদের এগিয়ে যেতে হবে, সে পরিকল্পনাও করে দিয়েছি। ‘৪১ সাল পর্যন্ত অর্থাৎ ২০২১ থেকে’ ৪১ এই ‘প্রেক্ষিত পরিকল্পনা’

প্রণয়ন করেছি। হ্যাঁ, সময়ের বিবর্তনে সেটা সংশোধন হতে পারে বা সময় উপযোগী করতে হবে। এরই ভিত্তিতে একটা কাঠামো তৈরি করে দিয়ে গেলাম। এরই ভিত্তিতে দীর্ঘমেয়াদী, স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদি পরিকল্পনা নিয়ে দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে যেন আমরা '৪১ সালের মধ্যেই উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলতে পারি।

তাছাড়া জাতিসংঘের এসডিজি-২০৩০ সেটাও বাস্তবায়নের লক্ষ্যে আমরা কাজ করে যাচ্ছি। এখানেও আমরা সাফল্য লাভ করবো এটা আমি নিশ্চিত। আমরা প্রতিটি গ্রামে, গ্রামের মানুষকে নাগরিক সুবিধা দিতে চাই। বিদ্যুৎ পৌঁছে দিয়েছি, রাস্তাঘাট তৈরি করে দিচ্ছি। কর্মসংস্থানের জন্য একশটা অর্থনৈতিক অঞ্চল গড়ে তুলেছি সারা বাংলাদেশে। আপনারা যে যেখানে কাজ করবেন সেই এলাকায় এলাকাভিত্তিক কোন কোন জিনিসগুলি উৎপাদন হয়, সেগুলি কীভাবে কাজে লাগানো যায়, সেগুলি প্রক্রিয়াজাত করা যায় এবং সেটা আমাদের অর্থনীতির কাজে কীভাবে ব্যবহার করা যায়। এই বিষয়গুলিও দেখতে হবে এবং সেভাবেই আপনাদেরকে পরিকল্পনা নিতে হবে, কাজ করতে হবে। অর্থাৎ "আমার গ্রাম, আমার শহর" এই পরিকল্পনা বাস্তবায়ন করে আমরা গ্রামের মানুষও যেন সম্পূর্ণ নাগরিক সুবিধা পায় সেই ব্যবস্থা নিচ্ছি।

তাছাড়া ব্রডব্যান্ড প্রায় সারা দেশে পৌঁছে যাচ্ছে, গেছে ইতিমধ্যে। বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ আমরা উৎক্ষেপণ করেছি। অর্থাৎ আমরা স্যাটেলাইট যুগে পদার্পণ করেছি। নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট আমরা তৈরি করছি। নিউক্লিয়ার যুগেও আমরা পদার্পণ করেছি। বিশ্বের সাথে সমানভাবে তাল মিলিয়ে চলার উদ্যোগ নিয়েছি। কাজেই সেভাবেই দেশকে আপনারা এগিয়ে নিয়ে যাবেন। আমাদের কাজগুলি বা প্রকল্পগুলি যথাযথভাবে বাস্তবায়ন হয় কি-না বা মানুষের সেবা-টা যথাযথভাবে পাচ্ছে কি-না সেদিকে লক্ষ্য রেখে আমরা সরকারি সংস্থাগুলোর কাজের মান বাড়ানোর জন্য বার্ষিক কর্মসম্পাদনা চুক্তি, শুদ্ধাচার কর্মকৌশল, উদ্ভাবন, প্রেক্ষিত পরিকল্পনাসহ নানাবিধ পদক্ষেপ নেওয়া হয়েছে। একটা প্রশিক্ষিত দক্ষ সিভিল সার্ভিস সরকারের প্রতিশ্রুতি বাস্তবায়নে অন্যতম সহায়ক শক্তি। আমরা যা প্রতিশ্রুতি দিই সেটা বাস্তবায়নের দায়িত্বটা কিন্তু আমাদের প্রশাসনের কর্মকর্তাদের। কাজেই আমি মনেকরি আধুনিক যুগের ছেলেমেয়েদের মেধা এবং শক্তি, জ্ঞান, উদ্ভাবনী চিন্তা-ভাবনা আরো অনেক বেশি স্বচ্ছ, অনেক বেশি শক্তিশালী। আপনাদের জ্ঞান, মেধা এবং উদ্ভাবনী শক্তি দিয়ে এই দেশকে আপনারা এগিয়ে নিয়ে যাবেন এবং জনগণের সেবা করবেন, সেটাই আমরা চাই।'

সমাপনী ও সনদ প্রদান অনুষ্ঠানে বিসিএস প্রশাসন একাডেমি প্রান্তে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন, এমপি, জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি জনাব এইচ এন আশিকুর রহমান, এমপি, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব কে এম আলী আজম, বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন, একাডেমির অনুষদ সদস্যবৃন্দ এবং ১২১তম, ১২২তম, ১২৩তম আইন ও প্রশাসন কোর্সের ৯৯ জন প্রশিক্ষণার্থী। অনুষ্ঠানের প্রথম অংশে প্রশিক্ষণার্থীদের শপথবাক্য পাঠ করান বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব কে এম আলী আজম সকল প্রশিক্ষণার্থীদের সনদ বিতরণ করেন। দ্বিতীয় অংশে মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে মেধা তালিকায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী প্রশিক্ষণার্থীদের হাতে সনদ ও ক্রেস্ট তুলে দেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন, এমপি। সবশেষে মাননীয় প্রতিমন্ত্রী, সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি, জনপ্রশাসন সচিব ও বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর ১২১তম, ১২২তম, ১২৩তম আইন ও প্রশাসন কোর্সের স্যুভেনিরের মোড়ক উন্মোচন করেন।




১২১তম, ১২২তম ও ১২৩তম আইন ও প্রশাসন কোর্সের সনদ প্রদান ও সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন, এমপি, জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি জনাব এইচ এন আশিকুর রহমান, এমপি, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব কে এম আলী আজম, বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন




মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে ১২১তম আইন ও প্রশাসন কোর্সে ২য় স্থান অর্জনকারী প্রশিক্ষাণার্থী কর্মকর্তা মহুয়া আফরোজ-কে ক্রেস্ট প্রদান করছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন, এমপি

## ১২৪তম, ১২৫তম ও ১২৬তম আইন ও প্রশাসন কোর্সের উদ্বোধন




উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন জনপ্রশাসন মন্ত্রনালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন, এমপি

২২ মে ২০২২ তারিখে বিসিএস প্রশাসন একাডেমিতে ১২৪তম, ১২৫তম ও ১২৬তম আইন ও প্রশাসন কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান আয়োজিত হয়। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন-এর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন, এমপি। প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী মহোদয় বলেন, আজকের নবীন কর্মকর্তারাই আগামী দিনে সরকারের উন্নয়ন রূপরেখা বাস্তবায়ন করবেন। তাদের উপর অর্পিত দায়িত্ব যেন সঠিকভাবে পালন করতে পারেন, সে বিষয়ে তাদের দক্ষ করে গড়ে তুলতে প্রশিক্ষণের বিকল্প নেই। তিনি প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের গুরুত্বের সাথে প্রশিক্ষণের প্রতিটি কার্যক্রমে অংশ নেয়ার আহবান জানান। জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তাগণ, বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (উন্নয়ন ও গবেষণা) ড. মোঃ জাহাঙ্গীর আলম, চলমান আইন ও প্রশাসন কোর্সের কোর্স ডিরেক্টর ও পরিচালক (প্রশিক্ষণ) জনাব ইলিয়া সুমনা, অন্যান্য পরিচালকবৃন্দ, অনুষদবর্গ এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ৫ মাস মেয়াদী আইন ও প্রশাসন কোর্সে প্রশাসন ক্যাডারের ১০৩ জন কর্মকর্তা অংশগ্রহণ করছেন। তাদের মধ্যে নারী কর্মকর্তা ৪৩ জন ও পুরুষ কর্মকর্তা ৬১ জন। প্রশিক্ষণার্থীবৃন্দ প্রশাসন ক্যাডারের ৩৪তম ব্যাচ, ৩৫তম ব্যাচ ও ৩৬তম ব্যাচের সদস্য। কোর্সটি ২০ অক্টোবর ২০২২ তারিখে সমাপ্ত হবে। এই কোর্সে প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের দক্ষ, যোগ্য, স্বপ্রণোদিত, সৃজনশীল ও উদ্যোগী কর্মকর্তা হিসেবে গড়ে তোলার জন্য নানা ধরনের বিষয়- যেমন, প্রশাসনিক রীতিনীতি, মানবসম্পদ ব্যবস্থাপনা, ই-গভর্নেন্স, সরকারি ক্রয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ইংরেজি ও ফ্রেঞ্চ ভাষায় দক্ষতা বৃদ্ধি, নৈতিকতা, আদর্শ, মূল্যবোধ তৈরি এবং দুর্নীতি প্রতিরোধ এবং উন্নয়ন কৌশল ও নীতি সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়। এই প্রশিক্ষণে ভালো ফলাফল অর্জনকারী কর্মকর্তাদের বৈদেশিক প্রশিক্ষণে পাঠানো হয়।

## ১৭তম, ১৮তম, ১৯তম ও ২০তম এস-টু পাবলিক প্রকিউরমেন্ট বিষয়ক সংক্ষিপ্ত কোর্স



বিসিএস প্রশাসন একাডেমিতে ITC-ILO -এর সহযোগিতায় গত এপ্রিল-জুন ২০২২ সময়ে সিভিল সার্ভিস অফিসারদের জন্য তিনদিনব্যাপী পাবলিক প্রকিউরমেন্ট বিষয়ক সংক্ষিপ্ত কোর্স (এস-টু) -এর আয়োজন করা হয়। মোট ৪টি এস-টু কোর্সে ১৩১ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। কোর্সের কার্যক্রমের উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠানে সনদ বিতরণ করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। এই কোর্সে পরিচালকের দায়িত্ব পালন করেন জনাব মোঃ খায়রুল কবির মেনন, পরিচালক (আইসিটি), বিসিএস প্রশাসন একাডেমি।

## ১২৪তম, ১২৫তম ও ১২৬তম আইন ও প্রশাসন কোর্সের রেক্টর'স টি






২৫ মে ২০২২ তারিখে বিসিএস প্রশাসন একাডেমিতে ১২৪তম, ১২৫তম ও ১২৬তম আইন ও প্রশাসন কোর্সের রেক্টর'স টি অনুষ্ঠিত হয়। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন, অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন। বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (উন্নয়ন ও গবেষণা) ড. মোঃ জাহাঙ্গীর আলম, চলমান আইন ও প্রশাসন কোর্সের কোর্স ডিরেক্টর জনাব ইলিয়া সুমনা, একাডেমির পরিচালকবৃন্দ, প্রশিক্ষণার্থী কর্মকর্তাবৃন্দ ও একাডেমির অনুষদবর্গ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। রেক্টর'স টি অনুষ্ঠানটি বিসিএস প্রশাসন একাডেমির আইন ও প্রশাসন কোর্সের অন্যতম অনুষঙ্গ। এ আয়োজনের মাধ্যমে পাঁচ মাস মেয়াদী আইন ও প্রশাসন কোর্সে আগত প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের সাথে একাডেমির অনুষদবর্গের পরিচিতি ও সৌহার্দ্য গড়ে উঠে।

## ফিটলিস্টভুক্ত ইউএনওদের ৪০তম ওরিয়েন্টেশন কোর্স





উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) পদে পদায়নের জন্য বিবেচিত বিসিএস প্রশাসন ক্যাডারের সিনিয়র সহকারী সচিব পর্যায়ের ৩৩ জন কর্মকর্তার অংশগ্রহণে ১৭ এপ্রিল থেকে ২৮ এপ্রিল ২০২২ একাডেমিতে ৪০তম ইউএনও ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন, সভাপতিত্ব করেন বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (উন্নয়ন ও গবেষণা) ড. মোঃ জাহাঙ্গীর আলম। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফিটলিস্টভুক্ত ইউএনওদের ৪০তম ওরিয়েন্টেশন কোর্সের কোর্স ডিরেক্টর জনাব মোঃ খায়রুল কবির মেনন এবং বিসিএস প্রশাসন একাডেমির অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ।

# ফিটলিস্টভুক্ত ইউএনওদের ৪১তম ওরিয়েন্টেশন কোর্স





৪১তম ইউএনও ওরিয়েন্টেশন কোর্সে অতিথি বক্তা হিসেবে ক্লাস পরিচালনা করেন মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী

বিসিএস প্রশাসন একাডেমিতে ফিটলিস্টভুক্ত ইউএনওদের ৪১তম ওরিয়েন্টেশন কোর্সের প্রশিক্ষণ কার্যক্রম ১০ মে ২০২২ থেকে ২৪ মে ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) হিসেবে পদায়নের লক্ষ্যে অপেক্ষমান সিনিয়র সহকারী সচিব পর্যায়ের ৩৯ জন কর্মকর্তা এতে প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন। মাঠ পর্যায়ের বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবেলায় ও জনবান্ধব জনপ্রশাসন গড়ে তোলার উদ্দেশ্যে ফিটলিস্টভুক্ত ইউএনওদের কৃষি ও অকৃষি খাস জমি এবং অন্যান্য সরকারী সম্পত্তি বন্দোবস্ত, হাট-বাজারের পেরিফেরি ও জলমহাল ব্যবস্থাপনা, দরিদ্র ও ভূমিহীনদের জন্য সরকারের পুনর্বাসন কর্মসূচি যেমন- আশ্রয়ন, আবাসন, আদর্শ গ্রাম, গুচ্ছগ্রাম এবং জলবায়ু দুর্গত মানুষের পুনর্বাসন প্রকল্পের বাস্তবায়ন ও তদারকি, মোবাইল কোর্ট পরিচালনাসহ বিভিন্ন বিষয় এই প্রশিক্ষণ কার্যক্রমে অন্তর্ভুক্ত ছিল। সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদ বিতরণ করেন বিসিএস প্রশাসন একাডেমির সম্মানিত রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন, সভাপতিত্ব করেন বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (উন্নয়ন ও গবেষণা) ড. মোঃ জাহাঙ্গীর আলম। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফিটলিস্টভুক্ত ইউএনওদের ৪১তম ওরিয়েন্টেশন কোর্সের কোর্স ডিরেক্টর জনাব মোঃ আব্দুর রাজ্জাক এবং বিসিএস প্রশাসন একাডেমির অন্যান্য অনুষদবৃন্দ।




৪১তম ইউএনও ওরিয়েন্টেশন কোর্সের প্রশিক্ষণার্থীদের সাথে একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন ও অনুষদবৃন্দ

## ১২৪তম, ১২৫তম ও ১২৬তম আইন ও প্রশাসন কোর্সের যোগব্যায়াম ওরিয়েন্টেশন





যোগব্যায়াম ওরিয়েন্টেশনে অতিথিবৃন্দ এবং অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীবৃন্দ

বিসিএস প্রশাসন একাডেমিতে ৭ জুন ২০২২ থেকে ৮ জুন ২০২২ তারিখে দুই দিনের যোগব্যায়াম ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির মাননীয় রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। বিসিএস প্রশাসন ক্যাডারের নবীন কর্মকর্তাদের যোগব্যায়াম এবং সুস্বাস্থ্যের বিষয়ে উৎসাহ প্রদান করতে এ আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন চলমান আইন ও প্রশাসন কোর্সের কোর্স ডিরেক্টর ও পরিচালক (প্রশিক্ষণ) জনাব ইলিয়া সুমনা। বিশেষ অতিথি ছিলেন দুর্নীতি দমন কমিশনের মহাপরিচালক জনাব এ কে এম সোহেল। ৮ তারিখ প্রশিক্ষণের সমাপনান্তে সকলকে সনদ প্রদান করেন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। এ সময় আরো উপস্থিত ছিলেন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (উন্নয়ন ও গবেষণা) ড. মোঃ জাহাঙ্গীর আলম।

## প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর পরিদর্শন



২৩ মে ২০২২ তারিখে বিসিএস প্রশাসন একাডেমিতে চলমান ১২৪তম, ১২৫তম ও ১২৬তম আইন ও প্রশাসন প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ ধানমন্ডি ৩২ নাম্বারে অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় সংশ্লিষ্ট কোর্সের কোর্স ম্যানেজমেন্ট টিমের সদস্যরাও উপস্থিত ছিলেন।

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পর্কিত কর্মশালা






বিসিএস প্রশাসন একাডেমিতে ১৮ জুন ২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের আয়োজনে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পর্কিত কর্মশালা অনুষ্ঠিত হয়। এ কর্মশালায় উপস্থিত ছিলেন মন্ত্রিপরিষদ সচিব জনাব খন্দকার আনোয়ারুল ইসলাম, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমদ কায়কাউস, বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর জনাব মোমিনুর রশিদ আমিন, মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার সচিব জনাব মোঃ সামসুল আরেফিনসহ বিভিন্ন মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব ও সচিববৃন্দ। কর্মশালায় বিভিন্ন মন্ত্রণালয়ের কেপিআই সংক্রান্ত আলোচনা, বার্ষিক কর্মসম্পাদন বিষয়ক আলোচনা ও সুপারিশমালা প্রণীত হয় এবং সিনিয়র সচিব ও সচিব মহোদয়গণ মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন।



৪০তম ইউএনও ওরিয়েন্টেশন কোর্সের ওপেন সেশনে ক্লাস পরিচালনা করেন মন্ত্রিপরিষদ সচিব জনাব খন্দকার আনোয়ারুল ইসলাম



১২৪তম, ১২৫তম ও ১২৬তম আইন ও প্রশাসন কোর্সে অতিথি বক্তা হিসেবে বক্তব্য রাখছেন বিশ্ব ব্যাংকের বিকল্প নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ শফিউল আলম (মন্ত্রিপরিষদ সচিব পদমর্যাদায় কর্মরত)



১২৪তম, ১২৫তম ও ১২৬তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের সাথে মতবিনিময় করেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব কে এম আলী আজম



৪১তম ইউএনও ওরিয়েন্টেশন কোর্সে অতিথি বক্তা হিসেবে বক্তব্য প্রদান করেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মো: আমিনুল ইসলাম খান

## প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের রায়ের বাজার শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ পরিদর্শন



২৩ মে ২০২২ তারিখে বিসিএস প্রশাসন একাডেমিতে চলমান ১২৪তম, ১২৫তম ও ১২৬তম আইন ও প্রশাসন প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ রায়ের বাজার শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় সংশ্লিষ্ট কোর্সের কোর্স ম্যানেজমেন্ট টিমের সদস্যরাও উপস্থিত ছিলেন। ১৯৭১ এর ডিসেম্বরে মুক্তিযুদ্ধে যখন বাংলাদেশের বিজয় অর্জন সুনিশ্চিত, তখন বাংলাদেশকে মেধাহীন করার হীন ষড়যন্ত্রে ১৪ ডিসেম্বর রাতে প্রথিতযশা অধ্যাপক, সাংবাদিক, ডাক্তার, শিল্পী, প্রকৌশলী, লেখকসহ পূর্ব পাকিস্তানের বুদ্ধিজীবীদের অনেককে নিরস্ত্র অবস্থায় বাসা থেকে তুলে আনা হয় এবং রায়ের বাজার এনে হত্যা করা হয়। ১৬ ডিসেম্বর বিজয় অর্জিত হবার পর তাঁদের ক্ষতবিক্ষত মৃতদেহ এখানে পাওয়া যায়। জাতির সেইসব সূর্যসন্তানদের আত্মত্যাগের প্রতি শ্রদ্ধা জানাতে এবং নবীন কর্মকর্তাদের মুক্তিযুদ্ধের ইতিহাসের সাথে প্রত্যক্ষ সংযোগ তৈরি করে দিতে বিসিএস প্রশাসন একাডেমির কোর্স ম্যানেজমেন্টের তত্ত্বাবধানে এ পরিদর্শন আয়োজন করা হয়।

## পবিত্র রমজান মাস উপলক্ষে ইফতার ও দোয়া মাহফিল




১৪ এপ্রিল ২০২২ তারিখে বিসিএস প্রশাসন একাডেমিতে পবিত্র রমজান মাস উপলক্ষে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির মান্যবর রেক্টর, সরকারের সচিব, জনাব মোমিনুর রশিদ আমিন। এছাড়া, একাডেমির সকল অনুষদবৃন্দ ও কর্মচারীরা এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
শাহবাগ, ঢাকা-১০০০
www.bcsadminacademy.gov.bd
ফোন : +৮৮ (০২) ৫৫১৬৫৯০১
ফ্যাক্স : +৮৮ (০২) ৫৫১৬৫৯২২
ই-মেইল : ddrp@bcsadminacademy.gov.bd

**সম্পাদনা পর্ষদ**

উপদেষ্টা : মোমিনুর রশিদ আমিন, রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি
সম্পাদক : ড. মোঃ জাহাঙ্গীর আলম, মেম্বার ডিরেক্টিং স্টাফ (উন্নয়ন ও গবেষণা)
সদস্য : ড. আব্দুল আলীম খান, পরিচালক (গবেষণা ও প্রকাশনা)
: ড. মোঃ মঈন উদ্দিন, উপপরিচালক (গবেষণা ও প্রকাশনা)
: তানিয়া মুন, প্রকাশনা কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব)
প্রকাশকাল : জুন ২০২২